



নির্বাচনে প্রশাসন নিরপেক্ষ না থাকলে কঠোর ব্যবস্থা: ইসি সচিব



নির্বাচন কমিশনার মো. সানাউল্লাহ। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ উপলক্ষে ভোলায় মতবিনিময় সভায় প্রধান অতিথি নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ বলেন, “প্রশাসন যদি নিরপেক্ষতা হারায়, কঠোর ব্যবস্থা নেওয়া হবে।”

তিনি আরও বলেন, ভোটকেন্দ্রে সবাই নিরাপদে ভোট দিতে পারবে তা নিশ্চিত করতে হবে। প্রার্থীরা ভোটের মাধ্যমে জিতবে, দুই নম্বরের কোনো সুযোগ নেই। ভোটকেন্দ্র ও বাইরে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সর্বদা প্রস্তুত থাকবে যাতে কেউ শৃঙ্খলা ভঙ্গ করতে না পারে। ভোটকে উৎসবমুখর করার আহ্বান জানিয়ে সকলকে নিরপেক্ষ থাকার নির্দেশ দেন। সভায় সভাপতিত্ব করেন জেলা রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক ডা. শামীম রহমান। বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার শহিদুল্লাহ কাওছার, সিভিল সার্জন ড. মু. মনিরুল ইসলাম। নৌবাহিনী, কোস্ট গার্ড, আনসার ও অন্যান্য সরকারি দপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

LENS ASIA